

শ্রম কল্যাণ সম্মেলন-২০১৯ এর উদ্বোধনী অনুষ্ঠানে

নতুন শ্রমবাজার অনুসন্ধান ও রেমিটেন্স প্রবাহ বৃদ্ধিতে উদ্যোগী হতে হবে

----- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি

ঢাকা-২০ আগস্ট ২০১৯

আজ সকাল ০৯.৩০ টায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে প্রবাসী কল্যাণ ভবনের ২য় তলায় অবস্থিত ব্রিফিং সেন্টারে ০৩ (তিন) দিনব্যাপী 'শ্রম কল্যাণ সম্মেলন ২০১৯' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, নতুন শ্রমবাজার অনুসন্ধান ও রেমিটেন্স প্রবাহ বৃদ্ধিতে উদ্যোগী হতে হবে। নিয়মিতভাবে সঠিক শ্রম অভিবাসন নিশ্চিত করতে পারলে নির্দিষ্ট সময়ের আগেই বাংলাদেশ দারিদ্র্য মুক্ত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সরকার দক্ষ জনশক্তি তৈরিতে নানা পদক্ষেপের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, আন্তর্জাতিক শ্রমবাজারে বাংলাদেশী কর্মীদের সমস্যা ও সম্ভাবনার বিষয়ে সার্বক্ষণিক নজর রাখতে হবে। তিনি আরো বলেন, প্রবাসী কর্মীদের জন্য নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি করতে পারলে রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি পাবেই এবং প্রবাসী কর্মীদের কল্যাণে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি আনিসুল ইসলাম মাহমুদ এমপি বলেন, প্রবাসী কর্মীরা রেমিটেন্স, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। প্রবাসী কর্মীরা যাতে দ্রুততম সময়ে সহজ পদ্ধতিতে সেবা পায় সে ব্যবস্থা করতে হবে।

অনুষ্ঠানে বায়রা'র সভাপতি বেনজির আহমেদ এমপি বলেন, আন্তর্জাতিক শ্রমবাজারে আমাদের প্রতিযোগী অনেক দেশ। অনেক প্রতিযোগিতা মোকাবেলা করেই বাংলাদেশ আন্তর্জাতিক শ্রমবাজারে সফলতার সাথে টিকে আছে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন আয়েশা ফেরদৌস এমপি, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন প্রমুখ।

উল্লেখ্য তিন দিন ব্যাপী এই সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে ২৬ টি দেশের ২৯টি মিশনের কাউন্সেলর (শ্রম) ও প্রথম সচিব (শ্রম) বৃন্দ উপস্থিত ছিলেন।

